# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ নয়ন কুমার শিক্ষিত বেকার যুবক। যুব উন্নয়ন একাডেমি থেকে তিনি পোল্ট্রি পালনের প্রশিক্ষণ নিলেন। তারপর তিনি উন্নত জাতের কিছু মুরগি কিনে পারিবারিক খামার স্থাপন করেন। কিছুদিনের মধ্যেই তিনি সফল পোল্ট্রি চাষীতে পরিণত হলেন। নয়নকে দেখে এলাকর অন্য বেকার যুবকরা পোল্ট্রির খামার স্থাপনে উদ্বুদ্ধ হলো।

ক. পারিবারিক খামার কী? ১

খ. পাস্তুরীকরণের মূল উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. নয়ন কুমারের সফলতার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে নয়ন কুমারের উদ্যোগটি মূল্যায়ন কর। ৪

**২.** ▶ রহিম ও জাভেদ দুই বন্ধু মিলে মাঝে মাঝে ফসলের মাঠ পরিদর্শনে যায়। একবার মাঠে গিয়ে দেখল কৃষকরা ধান চাষের জন্য জমি তৈরি করছে। তারা বুঝতে পারল যে ভিন্ন ভিন্ন ফসলের জন্য জমি ভিন্ন ভিন্নভাবে প্রস্তুত করা হয়।

ক. জমি চাষ কী? ১

খ. আলু চাষের জন্য জমি কীভাবে প্রস্তুত করা হয়? ২

গ. রহিম ও জাভেদের পরিদর্শনে যাওয়া মাঠের ওই মাটির কী কী বৈশিষ্ট্য থাকা উচিত বর্ণনা কর। ৩

ঘ. জমি প্রস্তুত সম্পর্কিত তাদের উপলব্ধি মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ বাংলাদেশে দিন দিন মানুষ বাড়ছে কিন্তু জমি বাড়েনি এতটুকু। বাড়তি মানুষের চাহিদা মেটাতে বনভূমি দিন দিন ধ্বংস হয়ে যাচ্ছে। তাই বন সংরক্ষণের জন্য বিভিন্ন সময়ে বন সংরক্ষণ আইন করা হয়েছে।

ক. বাংলাদেশ সরকার কত সালে বন আইন সংশোধন করেন? ১

খ. বন আইন বা বনবিধি বলতে কী বোঝ? ২

গ. বন সংরক্ষণের জন্য বন বিধিতে উল্লেখযোগ্য দণ্ডনীয় অপরাধগুলো উল্লেখ কর। ৩

ঘ. বন সংরক্ষণ বিধির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶ চকজোড়া গ্রামের কৃষকগণ দীর্ঘদিন ধরে পানি সেচের অভাবে কাঙ্ক্ষিত ফসল উৎপাদন করতে পারছিল না। তাদের এ সমস্যা সমাধানে তারা কৃষি কর্মকর্তার সাথে পরামর্শ করেন। কৃষি কর্মকর্তার পরামর্শ ও সহযোগিতায় তারা 'আশার আলো' নামে সমবায় সমিতি গড়ে তোলেন। আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে সেখানকার কৃষকরা এখন সফল চাষিতে পরিণত হয়েছে।

ক. কৃষি সমবায় কী? ১

খ. সমবায় ব্যবস্থা কীভাবে অপরকে সক্রিয় হতে শেখায় ব্যাখ্যা কর। ২

গ. চকজোড়া গ্রামের কৃষকগণের সমস্যা সমাধানে গৃহীত পদক্ষেপ বর্ণনা কর। ৩

ঘ. 'চকজোড়া গ্রামের কৃষকগণ আজ ঐ এলাকার সফল ও আদর্শ কৃষক'— বিষয়টি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৫. ▶ সেলিম সাহেব একজন মৎস্য কর্মকর্তা। তিনি তার বাড়ির পাশে নজরুল মিয়ার পুকুরে মাছ চাষের পরামর্শ দেন। নজরুল মিয়া তার পরামর্শে আগ্রহী হন এবং মাছ চাষ সম্পর্কে বিভিন্ন খুঁটিনাটি বিষয় জেনে নেন।

ক. রাক্ষুসে মাছ কী? ১

খ. চুন প্রয়োগের উপকারিতা কী? ২

গ. নজরুল মিয়া কীভাবে তার পুকুর মাছ চাষের উপযোগী করবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাছ চাষে সফল হতে হলে কী কী ব্যবস্থাপনা গ্রহণ করতে হবে বলে তুমি মনে কর? ৪

৬. ▶ জামাল সাহেব তার জমিতে প্রতি বছর বিভিন্ন মৌসুমি ফসলের আবাদ করেন। কিন্তু ভূমিক্ষয়ের কারণে তর জমির উর্বরতা কমে যাচ্ছে। তিনি তার কৃষি জমির ক্ষয় প্রতিরোধ এবং উর্বরতা বজায় রাখতে বেশকিছু ব্যবস্থা গ্রহণ করলেন।

ক. ভূমিক্ষয় কাকে বলে? ১

খ. ভূমিক্ষয়ের ফলে জমি কীভাবে উর্বরতা হারায়? ২

গ. কী কী কারণে জামাল সাহেবের জমির ভূমিক্ষয় হতে পারে তা বর্ণনা কর। ৩

ঘ. ভূমি সংরক্ষণে জামাল সাহেব কী ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারেন তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# কৃষিশিক্ষা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ৩ ৪

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **তাপমাত্রা সহনশীল মাছ কোনটি?**
ক সরপুঁটি — খ সিলভার কার্প
গ মৃগেল — ঘ রুই

২. **বৈশ্বিক উষ্ণতার ফলে কোন অঞ্চলে আবাদি জমি বৃদ্ধি পাবে?**
ক এশিয়া — খ আমেরিকা
গ সাইবেরিয়া — ঘ নেপাল

৩. **উদ্ভিদের কোন অঙ্গ অধিক খরা সহ্যশীল?**
ক পাতা — খ কান্ড
গ মূল — ঘ পত্রমুকুল

৪. **'কোরাল রীফ' ধ্বংসের কারণ-**
i. বায়ুর তাপমাত্রা বৃদ্ধি
ii. সমুদ্রের তাপমাত্রা বৃদ্ধি
iii. পানির পিএইচ কমে যাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ ii ও iii
গ i ও iii — ঘ i, ii ও iii

৫. **বাংলাদেশে এ পর্যন্ত ধানের কয়টি উফশী জাত উদ্ভাবন করা হয়েছে?**
ক ৪৬টি — খ ৫৬টি
গ ৬৬টি — ঘ ৭৬টি

৬. **কোন রোগে পাট গাছ শুকিয়ে মারা যায়?**
ক কালোপট্টি — খ কান্ডপচা
গ ঢলে পড়া — ঘ গোড়া পচা

৭. **কল্যাণীয়া কোন ফসলের জাত?**
ক ধান — খ পাট
গ সরিষা — ঘ আলু

৮. **ধানের বীজ তলায় সালফারের অভাব হলে কোন সার প্রয়োগ করতে হবে?**
ক গোবর সার — খ জিপসাম
গ জৈবসার — ঘ ইউরিয়া

৯. **নিচের কোন সবজিতে আয়োডিন আছে?**
ক ঢেড়শ — খ টমেটো
গ ফুলকপি — ঘ লাউ

১০. **ধান গাছে মাজরা পোকার আক্রমণের লক্ষণ-**
i. ধান গাছের শীষের ক্ষতি করে
ii. মাঝডগা সাদা হয়ে যায়
iii. সাদা চিটা হয়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ ii ও iii
গ i ও iii — ঘ i, ii ও iii

১১. **ডায়াবেটিস রোগের উপশম করে-**
ক পাকা কলা — খ কলার থোড়
গ পাকা আনারস — ঘ কাচা আনারস

১২. **প্রতিবছর কোন সময়ে গোলাপের অঙ্গ ছাটাই করতে হয়?**
ক বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে — খ আষাঢ়-শ্রাবণ মাসে
গ শ্রাবণ-ভাদ্র মাস — ঘ আশ্বিন-কার্তিক মাসে

১৩. **নিচের কোন সবজি প্রচুর পরিমাণ ক্যালরি বহন করে?**
ক আমলকি — খ বরবটি
গ শিম — ঘ মুখীকচু

১৪. **হেক্টর প্রতি জায়ান্ট কিউ এর ফলন কত?**
ক ১০-২০ টন — খ ২০-৩০ টন
গ ৩০-৪০ টন — ঘ ৪০-৫০ টন

১৫. **শিশু বাঁশকে কী বলে?**
ক চারা — খ কোড়
গ মোথা — ঘ টিম্বার

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

রিয়েল নার্সারিতে চারা উৎপাদনের জন্য কিছু শাল, গর্জন ও বেগুন বীজ সংগ্রহ করল। ছয় মাস পর বীজগুলো নার্সারিতে বপনের পর দেখতে পেল অধিকাংশ বীজ অঙ্কুরিত হয়নি?

১৬. **কোন বীজ অধিক দিন সংরক্ষণ করা যায়?**
ক শাল — খ গর্জন
গ সেগুন — ঘ নারিকেল

১৭. **রিয়েলের করণীয় কি ছিল?**
ক সংগ্রহের পর পর বীজ বপন করা
খ বীজ ভালোভাবে সংরক্ষণ করা
গ বীজ ভালোভাবে শুকানো
ঘ বপনের পূর্বে বীজ প্রক্রিয়াজাত করা

১৮. **কিলন ড্রাইং এর জন্য কত সময় লাগে?**
ক এক সপ্তাহ — খ দুই সপ্তাহ
গ তিন সপ্তাহ — ঘ চার সপ্তাহ

১৯. **আদর্শ বীজ বৃক্ষের বৈশিষ্ট্য হলো-**
i. গাছটি মাঝ বয়সী হবে
ii. শাখা-প্রশাখা নিয়ে বিস্তৃত হবে
iii. গাছটি প্রচুর পল্লবধারী হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii — খ ii ও iii
গ i ও iii — ঘ i, ii ও iii

http://teachingbd.com

২০. আমচুর তৈরিতে আমের ফালি কতক্ষণ লবণ পানিতে ভিজিয়ে রাখতে হয়?
ক) ২-৩ ঘন্টা    খ) ৩-৪ ঘন্টা
গ) ৪-৫ ঘন্টা    ঘ) ৫-৬ ঘন্টা

২১. নিচের কোনটি দ্বারা বাত রোগ নিরাময় হয়?
ক) রসুন    খ) পিঁয়াজ
গ) নিম    ঘ) অর্জুন

২২. আনারসে বিদ্যমান-
i. ভিটামিন এ
ii. ভিটামিন বি
iii. ভিটামিন সি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

২৩. কোন মাছ ৫০০-৬০০ বছর পর্যন্ত বাঁচতে পারে?
ক) দেবদারু    খ) ঝাউ
গ) শিমুল    ঘ) কড়ই

২৪. বাংলাদেশে সর্বপ্রথম কত সালে বন আইন সংশোধন করা হয়?
ক) ১৯৭২    খ) ১৯৭৮
গ) ১৯৮৮    ঘ) ১৯৯০

২৫. সমবায় সমিতি গড়তে কাদের প্রণীত গঠন প্রণালি অনুসরণ করতে হবে?
ক) সমবায় অধিদপ্তর    খ) সমবায় মন্ত্রণালয়
গ) সমবায় সংগঠন    ঘ) সমবায় সমিতি

নিচের চিত্রটি লক্ষ্য কর এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:



(এটি একটি রোগাক্রান্ত কলাগাছ)

২৬. চিত্রে প্রদর্শিত রোগটির জন্য দায়ী-
ক) ভাইরাস    খ) ছত্রাক
গ) ব্যাকটেরিয়া    ঘ) অণুজীব

২৭. রোগের প্রতিকার করতে হলে যা করণীয়-
i. রোগাক্রান্ত গাছ তুলে ফেলা
ii. প্রতিরোধী জাত রোপণ করা
iii. টিল্ট-২৫০ ইপি প্রয়োগ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

২৮. পালংশাকে কোন পোকার আক্রমণ দেখা যায়?
ক) উড়চুঙ্গা    খ) লাল মাকড়
গ) গলমাছি    ঘ) পাতা ফড়িং

২৯. বাংলাদেশে কত হেক্টর জমিতে কলা চাষ করা হয়?
ক) ২০ হাজার    খ) ৩০ হাজার
গ) ৪০ হাজার    ঘ) ৫০ হাজার

৩০. নতুন বাঁশ জন্মে কোনটি থেকে?
ক) কান্ড    খ) মূল
গ) মোথা    ঘ) শিকড়

৩১. লেয়ার মুরগি বছরে কতটি ডিম দিয়ে থাকে?
ক) ১০০-১৫০    খ) ১৫০-২০০
গ) ২০০-২৫০    ঘ) ২৫০-৩০০

৩২. লিউকোমিয়া রোগ নিরাময়ে কি ধরনের ভেষজ ব্যবহার করা হয়?
ক) আমলকি    খ) ঘৃতকুমারী
গ) অর্জুন    ঘ) বহেড়া

৩৩. 'সুবজ বাংলা' কিসের জাত?
ক) পুঁই শাক    খ) পালংশাক
গ) লালকুমড়া    ঘ) মিষ্টিকুমড়া

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:
রঞ্জু সাহেবের কাঠ প্রক্রিয়াজাতকরণ মিলে কাঠ সিজনিং এবং ট্রিটমেন্টের কাজ করা হয়। কাঠ সিজনিং এর জন্য তিনি কিলন ড্রাইং পদ্ধতি বেশি ব্যবহার করেন।

৩৪. রঞ্জু সাহেবের মিলে কিলন ড্রাইং পদ্ধতি বেশি ব্যবহারের কারণ-
ক) কাঠে ইচ্ছামত আর্দ্রতা বাড়ানো যায়
খ) সিজনিং ত্রুটি একেবারেই থাকে না
গ) কাঠের ফালি এলোমেলো বা বাঁকা করে
ঘ) এতে সময় কম লাগে

৩৫. কাঠ ট্রিটমেন্ট করার উদ্দেশ্য হলো-
i. কাঠের আর্দ্রতা ঠিক রাখা
ii. ছত্রাকের আক্রমণ প্রতিরোধ করা
iii. কাঠের আকার-আকৃতি ঠিক রাখা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com